১৬/৯/২০০০

দৈনিক ইনকিলাব

তারিখ ......................

পৃষ্ঠা ৩ কলাম ৬......

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন আরো ৭টি কলেজ, ১৫টি বিদ্যালয়, ৬টি কম্পিউটার কলেজ স্থাপন করবে

**চট্টগ্রাম ব্যুরো ঃ** চট্টগ্রাম মহানগরীর জনসংখ্যার আনুপাতিক হারে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে শিক্ষিত জাতি গঠনের ওপর সর্বাধিক গুরুত্বারোপ করে সিটি কর্পোরেশন অবিলম্বে মহানগরীতে আরো নতুন ৭টি কলেজ, ১৫টি বিদ্যালয় ও ৬টি কম্পিউটার কলেজ স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। ১৪ সেপ্টেম্বর সকালে সিটি কর্পোরেশনের শিক্ষা স্ট্যান্ডিং কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সিটি মেয়র আলহাজ এবিএম মহিউদ্দিন চৌধুরী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিক্ষা স্ট্যান্ডিং কিমিটির চেয়ারম্যান ওয়ার্ড কমিশনার জনাব সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিটির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ হোসেন, সদস্যবৃন্দের মধ্যে ওয়ার্ড কমিশনার আলহাজ মনজুরুল আলম মনজু, আলহাজ জহিরুল আলম দোভাষ, মতিয়র রহমান বক্তব্য রাখেন। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, মহানগরীতে জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠান অপ্রতুল। তাই অনেক ছেলেমেয়ে শিক্ষার সুযোগ হতে বঞ্চিত হচ্ছে। তিনি জনসংখ্যার আনুপাতিক হারে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে আগামীতে আরো নতুন ৭টি কলেজ, ১৫টি বিদ্যালয় ও ৬টি কম্পিউটার কলেজ স্থাপনের জন্য কর্মপরিকল্পনা ও এর বাজেট প্রণয়নের আহবান জানান। তিনি বলেন, শিক্ষার ক্ষেত্রে নগরবাসীর আগ্রহ ধরে রাখতে আরো অনুকূল পরিবেশ সৃষ্টি এবং সুযোগ-সুবিধা বৃদ্ধি করতে হবে। সভায় আগামী জানুয়ারী মাসে কর্পোরেশনের উদ্যোগে প্রতিষ্ঠিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় চালুর সিদ্ধান্ত নেয়া হয়। এ ছাড়াও স্কুল-কলেজের শিক্ষার মান-উন্নয়ন, অব-কাঠামোগত উন্নয়ন, কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণ, শিক্ষার পরিবেশ সৃষ্টি, গাইড ও স্কাউটদের মাঝে ড্রেস ও ড্রামসেট প্রদান, মেধাবী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা ও পুরস্কার প্রদান, প্রতিটি স্কুল-কলেজের বার্ষিক স্মরণিকা প্রকাশ, ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।